

তারিখ-০৪/০৬/২০১৮

মাননীয় পরিচালন অধিকর্তা  
পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সংবহন কোম্পানী লিমিটেড  
বিদ্যুৎ ভবন, বিধান নগর,  
কলকাতা-৭০০০৯১

বিষয় - কোম্পানীতে নিযুক্ত কর্মচারীদের আর্থিক সঙ্কট নিরসন সংক্রান্ত দাবি

মহাশয়,

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, প্রতিদিন জিনিষ পত্রের দাম সহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বেড়েই চলেছে অত্যধিক ভাবে, সংসার চালাতে আমাদের নাভিশ্বাস উঠে যাচ্ছে। কিন্তু গত প্রায় দুই বছর যাবৎ ১৭% বর্ধিত মহার্ঘ ভাতা প্রদান না করার ফলে কর্মী, ইঞ্জিনিয়ার, অফিসার ও পেনশনারদের এক পয়সাও আর্থিক সুবিধা বৃদ্ধি ঘটেনি রোপা-২০০৯ সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকা সত্ত্বেও এর পাশাপাশি বিপুল সংখ্যক অস্থায়ী কর্মী স্থায়ী কাজে নিযুক্ত আছেন, সুপ্রিম কোর্টের সুনির্দিষ্ট রায়কে এবং ভারতবর্ষের আইনকে মান্যতা না দিয়ে এই দুর্মূল্যের বাজারে কম বেতন দেওয়া হচ্ছে সমকাজে সম বেতনের নীতিকে অগ্রাহ্য করে। আবার আইনানুগ ভাবে চুক্তি ভিত্তিক বেতন নির্ধারণ করা হচ্ছে না।

এই রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলির বেশীর ভাগ স্থায়ী কাজ ঠিকা, চুক্তি ভিত্তিক ও আংশিক সময়ের কাজে নিযুক্ত কর্মীদের দিয়ে করানো হচ্ছে। এই কর্মীদের রোড কনস্ট্রাকশনের ন্যূনতম মজুরী দেওয়া হচ্ছে যা বিদ্যুৎ কোম্পানীগুলির সর্বনিম্ন বেতনের অর্ধেক, অতিরিক্ত কাজ করিয়ে পারশ্রমিক দেওয়া হচ্ছে না। এদের সমকাজে সমবেতন তৎসাপেক্ষে ন্যূনতম ১৮০০০ টাকা ও স্থায়ীকরণের দাবি করা হচ্ছে। কেন্দ্র ও বেশ কয়েকটি রাজ্য সরকার এই কর্মীদের মজুরি বৃদ্ধি করেছেন এবং সংস্থায় স্থায়ী ভাবে নিযুক্ত করেছেন।

ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের অধীনে বিদ্যুৎ সংস্থাগুলির কর্মচারী ও পেনশনাররা সংশোধিত হারে আর্থিক সুবিধা ১লা জানুয়ারী, ২০১৬ থেকে পাচ্ছেন।

উল্লেখ থাকে যে, এই রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলি প্রতিবছর হিসাব দেওয়ার সময় সংস্থাগুলির অর্থনৈতিক লভাংশ হচ্ছে তা প্রকাশ করছে। তবুও নিম্নস্বাক্ষরকারীগণ মনে করে শিল্প কাঠামোর আরো উন্নতি সাধন করার জন্য প্রয়োজনীয় নজরদারি বৃদ্ধি করা এবং কাজের দক্ষতা বৃদ্ধির জন্য বদলী নীতি কোম্পানী কর্তৃক গ্রহণ করা হোক, হয়রানি মূলক বদলী নীতি বাতিল করা হোক।

এমতাবস্থায় নিম্ন স্বাক্ষরকারীরা আবেদন করছে দ্রুততার সাথে সর্বস্তরের কর্মচারীদের বকেয়া মহার্ঘ ভাতা ও ১৫ শতাংশ অন্তর্বর্তী কালীন ভাতা প্রদান সহ যৌথ দরকষাকষির মাধ্যমে বেতন কাঠামো পুনর্বিদ্যায় এবং সমকাজে সমবেতন তৎসাপেক্ষে ন্যূনতম ১৮০০০ টাকা ও স্থায়ীকরণ করা হোক অন্যথায় আমাদের সর্বোপরি ধর্মঘটের পথে যেতেও বাধ্য হতে হবে। এক্ষেত্রে তার দায় কোম্পানীর উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত কর্মচারীগণ

ক্রমিক নং	নাম	পদ / অবসরকালীন সময়ের পদ	স্বাক্ষর

